আদায় করা হয়েছে। যখন আবূ মুসা নামায ও সালাম সম্পন্ন করলেন, তখন তাদের দিকে ফিরে তাকালেন এবং জিজ্ঞাসা করলেন, তোমাদের মধ্যে কে এ কথা বলেছ? সবাই নীরব রইলেন। তিনি পুনরায় জিজ্ঞেস করলেন, তোমাদের মধ্যে কে এ শব্দ উচ্চারণ করেছ? সবাই চুপ রইল (যে তিনি আমাদের বদলা নিবেন কিংবা অসন্তুষ্ট হবেন এভয়ে)। তখন আবূ মুসা রাদিআল্লাহু তা'আলা আনহু আমাকে বললেন, হে খিত্তান! সম্ভবত এ শব্দ তুমি উচ্চারণ করেছ? আমি বললাম, আমি বলিনি, আমারতো আপনার ভয় ছিল। অত:পর লোকদের মধ্যে এক ব্যক্তি বলল, আমি এ শব্দ বলেছিলাম এবং তাতে আমার কল্যাণ বৈ অন্য কোন উদ্দেশ্য ছিল না। হযরত আবূ মূসা রাদিআল্লাহু তা'আলা আনহু বললেন, তুমি কি জাননা নামাযে কিভাবে বলা উচিত? আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের উদ্দেশ্যে বক্তব্য দিয়েছেন এবং আমাদেরকে নামাযের পরিপূর্ণ পদ্ধতি শিখিয়ে দিয়েছেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ইরশাদ ফরমান, যখন তোমরা নামায আদায় কর, তখন কাউকে ইমাম নির্বাচন কর। যখন ইমাম তাকবীর বলে, তখন তোমরাও তাকবীর বল। যখন সে "غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ" বলে তখন তোমরা "آمِيْنَ" বল। আল্লাহ্ তা'আলা তোমাদের এ দো'আ কবুল করবেন। অত:পর যখন সে তাকবীর বলে রুকূ করে তোমরাও তাকবীর বলে রুকূ কর। ইমাম তোমাদের পূর্বে রুকূ করবে এবং তোমাদের পূর্বে মাথা উত্তোলন করবে। এভাবে তোমাদের আমল (কার্য) তার বিপরীতে পর পর হয়ে যাবে এবং যখন ইমাম "سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ" বলে তখন তোমরা "اَللَّهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ" বল। আল্লাহ্ তা'আলা তোমাদের বাক্যবলী শুনেন এবং তোমাদের নবীর মুখে আল্লাহ তা'আলা "سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ" জারী করে দিয়েছেন। অত:পর যখন ইমাম তাকবীর বলে সিজদা করে তোমরাও তাকবীর বলে সিজদা কর। ইমাম তোমাদের পূর্বে সিজদা করবে এবং তোমাদের পূর্বে মাথা উঠাবে। এরপর রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমাদের এ কর্ম ইমামের অনুরূপ ও অনুযায়ী হবে এবং যখন ইমাম বৈঠকে বসে যাবে, তখন তোমরা সকলে এ বাক্যবলী "اَلتَّحِيَّاتُ الطَّيِّبَاتُ الصَّلَوَاتُ لِلّٰهِ السَّلَامُ عَلَيْكَ" পড়বে।[৩২]

---

[৩২] ১. মুসলিম : আস্-সহীহ, কিতাবুস সালাত, باب: التشهد في الصلاة ১/৩০৩, ৩০৪, হাদীস : ৪০৪

২. ইবনু হিব্বান : আস সহীহ, ৫/৫৪১, হাদীস : ২১৬৭

www.AmarIslam.com

www.AmarIslam.com

٣٣- عَنْ قَتَادَةَ ﷺ (مِنَ الزِّيَادَةِ) : وَإِذَا قَرَأَ فَأَنْصِتُوْا. (وَفِي حَدِيْثِ) أَبِي هُرَيْرَةَ : وَإِذَا قَرَأَ فَأَنْصِتُوْا. أَخْرَجَهُ مُسْلِمٌ وَقَالَ : هُوَ عِنْدِيْ صَحِيْحٌ

৩৩. হযরত কাতাদাহ রাদ্বিয়াল্লাহু আনহুর বর্ণনায় এ শব্দমালা অতিরিক্ত রয়েছে যে, যখন ইমাম কেরাত পড়বে, তখন তোমরা নীরব থাকবে। এবং হযরত আবূ হুরায়রা রাদিআল্লাহু তা'আলা আনহুর বর্ণিত হাদিসেও এ শব্দাবলী রয়েছে, যখন ইমাম কেরাত পাঠ করে, তখন তোমরা চুপ থাক।[৩৩]

٣٤- عَنْ أَبِي نُعَيْمٍ وَهْبِ بْنِ كَيْسَانَ أَنَّهُ سَمِعَ جَابِرَ بْنَ عَبْدِ اللهِ ﷺ يَقُوْلُ : مَنْ صَلَّى رَكْعَةً لَمْ يَقْرَأْ فِيهَا بِأُمِّ الْقُرْآنِ فَلَمْ يُصَلِّ إِلَّا أَنْ يَكُونَ وَرَاءَ الْإِمَامِ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَ مَالِكٌ

قَالَ أَبُو عِيسَى : هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ

৩৪. হযরত আবূ নু'আঈম ওয়াহাব বিন কায়সান বর্ণনা করেন, তিনি হযরত জাবির বিন আবদুল্লাহ্ রাদিআল্লাহু তা'আলা আনহুকে বলতে শুনেছেন যে, যে ব্যক্তি নামাযের কোন রাকাত আদায় করে এবং তাতে সূরা ফাতিহা পাঠ করে না, বলা চলে সে নামাযই পড়ল না। কিন্তু যখন সে ইমামের পিছনে নামায আদায় করে তা ব্যতীত।[৩৪]

---

৩. দারমী : আস্-সুনান, ১/৩৬৩, হাদীস : ১৩৫৮

[৩৩] ১. মুসলিম : আস্-সহীহ, কিতাবুস সালাত, باب: التشهد في الصلاة ১/৩০৪, হাদীস : ৪০৪

২. বায়হাকী : আস-সুনানুল কুবরা, ২/১৫৫, হাদীস : ২৭০৯

[৩৪] ১. তিরমিযী : আস্-সুনান, কিতাবুস সালাত, باب:ماجاء في ترك القراءة...الخ ১/৩৪৬-৩৪৭, হাদীস : ৩১২, ৩১৩

২. মালেক : আল-মুআত্তা, কিতাবুস সালাত, باب: ماجاء في القرآن ১/৮৪, হাদীস : ১৮৭

৩. আব্দুর রাজ্জাক : আল-মুসান্নাফ, ২/১২১, হাদীস : ২৭৪৫

৪. ইবনে আবু শায়বাহ : আল-মুসান্নাফ, ১/৩১৭, হাদীস : ৩৬২১

৫. বায়হাকী : আস-সুনানুল কুবরা, ২/১৬০, হাদীস : ২৭২৫

৬. তহাবী : শরহু মা'নিল আছার, ১/২৮২, হাদীস : ১২৬৫

www.AmarIslam.com

www.AmarIslam.com

٣٥- عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ ﷺ أَنَّ النَّبِيَّ ﷺ صَلَّى الظُّهْرَ فَجَاءَ رَجُلٌ فَقَرَأَ خَلْفَهُ سَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلَى فَلَمَّا فَرَغَ قَالَ أَيُّكُمْ قَرَأَ قَالُوا رَجُلٌ قَالَ قَدْ عَرَفْتُ أَنَّ بَعْضَكُمْ خَالَجَنِيهَا. رَوَاهُ أَبُوْ دَاوُدَ

৩৫. হযরত ইমরান বিন হুসাইন রাদিআল্লাহু তা'আলা আনহু বর্ণনা করেন যে, হুযূর নবীয়ে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যোহরের নামায পড়ালেন। এক ব্যক্তি উপস্থিত হল এবং তাঁর পিছনে "سَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلَى" তিলাওয়াত করল। যখন তিনি নামায শেষ করলেন, তখন ইরশাদ করলেন, তোমাদের মধ্যে কে কেরাত পড়েছিলে? সাহাবায়ে কিরাম আরয করলেন; এক ব্যক্তি। তিনি বললেন, আমি জেনেছিলাম যে, তোমাদের মধ্যে কেউ আমার সাথে বিবাদ করছ।[৩৫]

٣٦- عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ ﷺ أَنَّ نَبِيَّ اللهِ ﷺ صَلَّى بِهِمُ الظُّهْرَ فَلَمَّا انْفَتَلَ قَالَ أَيُّكُمْ قَرَأَ بِسَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلَى فَقَالَ رَجُلٌ أَنَا، فَقَالَ : عَلِمْتُ أَنَّ بَعْضَكُمْ خَالَجَنِيهَا. رَوَاهُ أَبُوْ دَاوُدَ

৩৬. হযরত ইমরান বিন হুসাইন রাদিআল্লাহু তা'আলা আনহু হতে বর্ণিত যে, হুযূর নবীয়ে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের নিয়ে জোহরের নামায পড়ালেন। আর যখন নামায হতে পৃথক হলেন, তখন বললেন, তোমাদের মধ্যে কে "سَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلَى" পাঠ করেছ? জনৈক ব্যক্তি বলল, আমি। তখন তিনি ইরশাদ করলেন, আমি জ্ঞাত হয়েছিলাম যে, তোমাদের কেউ আমার সাথে ঝগড়া করছ।[৩৬]

٣٧- عَنْ أَبِي هُرَيْرَةَ ﷺ أَنَّ رَسُولَ اللهِ ﷺ انْصَرَفَ مِنْ صَلَاةٍ جَهَرَ فِيهَا بِالْقِرَاءَةِ فَقَالَ هَلْ قَرَأَ مَعِي أَحَدٌ مِنْكُمْ آنِفًا فَقَالَ رَجُلٌ نَعَمْ يَا رَسُولَ اللهِ قَالَ إِنِّي أَقُولُ مَالِي أُنَازَعُ الْقُرْآنَ قَالَ فَانْتَهَى النَّاسُ عَنِ الْقِرَاءَةِ مَعَ رَسُولِ اللهِ ﷺ

---

[৩৫] আবু দাউদ : আস-সুনান, কিতাবুস সালাত, باب من رأى القراءة إذا لم يجهر ১/২১৯, হাদীস : ৮২৮

[৩৬] আবু দাউদ : আস-সুনান, কিতাবুস সালাত, باب من رأى القراءة إذا لم يجهر ১/২১৯, হাদীস : ৮২৯

www.AmarIslam.com

www.AmarIslam.com

فِيمَا جَهَرَ فِيهِ رَسُولُ اللهِ ﷺ مِنَ الصَّلَوَاتِ بِالْقِرَاءَةِ حِينَ سَمِعُوا ذٰلِكَ مِنْ رَسُولِ اللهِ ﷺ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَ النَّسَائِيُّ

قَالَ أَبُو عِيسَى : هٰذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ

৩৭. হযরত আবূ হুরায়রা রাদিআল্লাহু তা'আলা আনহু বর্ণনা করেন যে, রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক জাহ্‌রী (উচ্চস্বরে কেরাত পঠিত) নামায হতে অবসর হয়ে বললেন, তোমাদের কি কেউ আমার সাথে কেরাত পড়েছিলে? এক ব্যক্তি আরয করল, হে আল্লাহর রাসূল! জী, হ্যাঁ। তিনি ইরশাদ করলেন, আমিও বলতে ছিলাম. কি ঘটল যে, আমাদের সাথে বিবাদ বাধানো হচ্ছে। বর্ণনাকারী বলেন, একথা শুনার পর সাহাবায়ে কিরাম রাদিআল্লাহু তা'আলা আনহুম রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে জাহ্‌রী (উচ্চস্বরে কেরাত পঠিত) নামাযসমুহে কেরাত পড়া থেকে বিরত থাকত। ইমাম তিরমিযী বলেন, উক্ত হাদিসটি হাসান পর্যায়ের।[৩৭]

٣٨- عَنْ أَبِي هُرَيْرَةَ ﷺ قَالَ : قَالَ رَسُولُ اللهِ ﷺ : إِنَّمَا جُعِلَ الْإِمَامُ لِيُؤْتَمَّ بِهِ فَإِذَا كَبَّرَ فَكَبِّرُوا وَإِذَا قَرَأَ فَأَنْصِتُوا. رَوَاهُ اِبْنُ مَاجَة

৩৮. হযরত আবূ হুরায়রা রাদিআল্লাহু তা'আলা আনহু বর্ণনা করেন যে, রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, ইমাম এজন্যই বানানো হয় যে, যেন তার ইক্তিদা (অনুকরণ) করা যায়। সুতরাং যখন সে আল্লহ আকবর বলে, তখন তোমরাও আল্লাহু আকবর বল। আর যখন কেরাত পড়ে, তখন নীরব থাক।[৩৮]

[৩৭] ১. তিরমিযী : আস্ সুনান, কিতাবুস্ সালাত, باب ماجاء فى ترك القراءة خلف الإمام ১/৩৪৪-৪৫, হাদীস: ৩১২
২. আবু দাউদ : আস-সুনান, কিতাবুস সালাত, باب من كره القراءة بفاتحة الكتاب ১/৩১৩, হাদীস : ৮২৬
৩. নাসায়ী : আস্-সুনান, কিতাবুল ইফতেতাহ, باب فى ترك القراءة خلف الإمام فيما جهر ২/১০৩, হাদীস: ৯১৯
৪. ইবনে মাজাহ : আস্-সুনান, কিতাবু ইকামাতিস্ সালাতে, باب إذا قرأ الإمام فأنصتوا ১/৪৫৯, হাদীস: ৮৪৮
৫. মালেক : আল-মুআত্তা, কিতাবুস সালাত, باب فى ترك القراءة خلف الإمام ১/৮৬, হাদীস : ১৯৩
৬. আহমদ বিন হাম্বল : আল মুসনাদ, ২/২৪০, ২৮৪, ২৮৫, ৩০১, ৪৮৭
৭. তহাবী : শরহু মা'নিল আছার, ১/২৮০, ২৮১, হাদীস : ১২৫৫

[৩৮] ১. ইবনে মাজাহ : আস্-সুনান, কিতাবু ইকামাতিস্ সালাতে, باب إذا قرأ الإمام فأنصتوا ১/৪৫৮, হাদীস : ৮৪৬
২. আবু দাউদ : আস-সুনান, কিতাবুস সালাত, باب الإمام يصلي من قعود ১/২৩৭, হাদীস : ৬০৪

www.AmarIslam.com

www.AmarIslam.com

٣٩- عَنْ أَبِي هُرَيْرَةَ ﷺ قَالَ : قَالَ رَسُولُ اللهِ ﷺ إِنَّمَا جُعِلَ الْإِمَامُ لِيُؤْتَمَّ بِهِ فَإِذَا كَبَّرَ فَكَبِّرُوا وَإِذَا قَرَأَ فَأَنْصِتُوا وَإِذَا قَالَ سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ فَقُولُوا اللّٰهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ. رَوَاهُ النَّسَائِيُّ

৩৯ হযরত আবু হুরায়রা রাদিআল্লাহু তা'আলা আনহু হতে বর্ণিত, হুযূর নবীয়ে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফরমান, ইমাম এ কারণে নির্ধারণ করা হয় যে, যাতে তার আজ্ঞা পূর্ণাঙ্গভাবে পালন করা যায়। তাই যখন সে তাকবীর বলবে, তখন তোমরাও তাকবীর বল। যখন সে কেরাত পড়ে, তখন তোমরা চুপ থাক। এবং যখন সে "سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ" বলে, তখন তোমরা " اَللّٰهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ " বল।[৩৯]

٤٠- عَنْ أَبِي هُرَيْرَةَ ﷺ أَنَّ رَسُولَ اللهِ ﷺ انْصَرَفَ مِنْ صَلَاةٍ جَهَرَ فِيهَا بِالْقِرَاءَةِ فَقَالَ هَلْ قَرَأَ مَعِي أَحَدٌ مِنْكُمْ آنِفًا قَالَ رَجُلٌ نَعَمْ يَا رَسُولَ اللهِ قَالَ إِنِّي أَقُولُ مَا لِي أُنَازَعُ الْقُرْآنَ قَالَ فَانْتَهَى النَّاسُ عَنِ الْقِرَاءَةِ فِيمَا جَهَرَ فِيهِ رَسُولُ اللهِ ﷺ بِالْقِرَاءَةِ مِنَ الصَّلَاةِ حِينَ سَمِعُوا ذٰلِكَ. رَوَاهُ النَّسَائِيُّ

৪০. হযরত আবু হুরায়রা রাদিআল্লাহু তা'আলা আনহু বর্ণনা করেন যে, হুযূর নবীয়ে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমন এক নামায হতে ফারেগ হলেন যাতে তিনি উচ্চস্বরে কেরাত পড়েছিলেন। তখন তিনি জিজ্ঞেস করলেন, তোমাদের মধ্যে কোন ব্যক্তি কি আমার সাথে কুরআন পাঠ করেছিলেন? এক ব্যক্তি বলল, জী, হ্যাঁ, ইয়া রাসূলাল্লাহ্! আমি পড়েছিলাম। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ইরশাদ করলেন, এজন্যই তো আমি বলেছিলাম কি হল যে, এক ব্যক্তি কুরআন পাঠে আমার সাথে বিতর্ক করছে। যখন লোকেরা

৩. নাসায়ী : আস্-সুনানুল কুবরা, ১/৩২০, হাদীস : ৯৯৩
৪. আহমদ বিন হাম্বল : আল মুসনাদ, ২/৩৭৬, ৪২০
৫. ইবনে আবু শায়বাহ : আল-মুসান্নাফ, ১/৩৩১, হাদীস : ৩৭৯৯, ২/১১৫, হাদীস : ৭১৩৭
৬. তহাবী : শরহু মা'নিল আছার, ১/২৮১, হাদীস : ১২৫৭

[৩৯] নাসায়ী : আস্-সুনান, কিতাবুল ইফতেতাহ, باب تأويل قوله تعالي وإذا قرئ القرآن ২/১৪১, হাদীস: ৯২১

www.AmarIslam.com

www.AmarIslam.com

একথা শুনল, তখন যে নামাযে তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উচুঁ আওয়াজে কেরাত পড়তেন, কেউ তাঁর পিছনে কেরাত পড়তো না।[৪০]

٤١ – عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ ﷺ قَالَ صَلَّى النَّبِيُّ ﷺ الظُّهْرَ فَقَرَأَ رَجُلٌ خَلْفَهُ سَبِّحْ اسْمَ رَبِّكَ الْأَعْلَى فَلَمَّا صَلَّى قَالَ مَنْ قَرَأَ سَبِّحْ اسْمَ رَبِّكَ الْأَعْلَى قَالَ رَجُلٌ أَنَا قَالَ قَدْ عَلِمْتُ أَنَّ بَعْضَكُمْ قَدْ خَالَجَنِيهَا. رَوَاهُ النَّسَائِيُّ

৪১. হযরত ইমরান বিন হুসাইন রাদিআল্লাহু তা'আলা আনহু হতে বর্ণিত যে, নবীয়ে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যোহরের নামায পড়াচ্ছিলেন। তখন জনৈক ব্যক্তি তাঁর পেছনে "سَبِّحْ اسْمَ رَبِّكَ الْأَعْلَى" পাঠ করল। তখন তিনি নামায সম্পন্ন করে জিজ্ঞাসা করলেন, এ সূরা "سَبِّحْ اسْمَ رَبِّكَ الْأَعْلَى" কে পড়েছিল? এক ব্যক্তি বললো, আমি। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ইরশাদ করলেন, আমার এমন মনে হল, যেন কোন ব্যক্তি আমার সাথে কুরআন তিলাওয়াতে ঝগড়া করছে।[৪১]

٤٢ – عَنْ أَبِي هُرَيْرَةَ ﷺ قَالَ : قَالَ رَسُولُ اللهِ ﷺ إِنَّمَا جُعِلَ الْإِمَامُ لِيُؤْتَمَّ بِهِ فَإِذَا كَبَّرَ فَكَبِّرُوا وَإِذَا قَرَأَ فَأَنْصِتُوا وَإِذَا قَالَ ﴿ غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ ﴾ فَقُولُوا آمِينَ وَإِذَا رَكَعَ فَارْكَعُوا وَإِذَا قَالَ سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ فَقُولُوا اللَّهُمَّ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ وَإِذَا سَجَدَ فَاسْجُدُوا وَإِذَا صَلَّى جَالِسًا فَصَلُّوا جُلُوسًا أَجْمَعِينَ. رَوَاهُ ابْنُ مَاجَةَ

৪২. হযরত আবু হুরায়রা রাদিআল্লাহু তা'আলা আনহু বর্ণনা করেন যে, আল্লাহর প্রিয় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, এ লক্ষ্যে ইমাম নির্ধারণ করা হয় যে, তার অনুকরণ করা হবে। অতএব যখন সে "اَللهُ اَكْبَرُ" বলে তোমরাও "اَللهُ اَكْبَرُ" বল। যখন সে কেরাত পাঠ করে, তখন

---

[৪০] নাসায়ী : আস্-সুনান, কিতাবুল ইফতেতাহ, باب القراءة أم القرآن...الخ ২/১৪০, হাদীস: ৯১৯

[৪১] ১. নাসায়ী : আস্-সুনান, কিতাবুল ইফতেতাহ, باب ترك القراءة خلف الإمام...الخ ২/১৪১, হাদীস: ৯১৭
২. তহাবী : শরহু মা'নিল আছার, ১/২০৭

www.AmarIslam.com

www.AmarIslam.com

তোমরা মৌনতা অবলম্বন কর। যখন সে "وَلَا الضَّالِّيْنَ" বলে, তোমরা "اٰمِيْنَ" বল। যখন সে "سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ" বলে, তোমরা "اَللّٰهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ" বল। যখন সে সিজদা করে, তোমরাও সিজদা কর। এবং যখন সে বসে নামায পড়ে, তোমরাও সকলে বসে নামায পড়।[৪২]

٤٣ – عَنْ أَبِي مُوسَى الْأَشْعَرِيِّ ﷺ قَالَ : قَالَ رَسُولُ اللهِ ﷺ : إِذَا قَرَأَ الْإِمَامُ فَأَنْصِتُوا فَإِذَا كَانَ عِنْدَ الْقَعْدَةِ فَلْيَكُنْ أَوَّلَ ذِكْرِ أَحَدِكُمُ التَّشَهُّدُ. رَوَاهُ ابْنُ مَاجَةَ

৪৩. হযরত আবূ মূসা রাদিআল্লাহু তা'আলা আনহু বর্ণনা করেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ ফরমান, যখন ইমাম কেরাত পড়ে, তখন তোমরা নীরব থাকো এবং যখন সে কা'দা বা বৈঠকে থাকে, তোমরা প্রথমে আত্তাহিয়্যাত পাঠ কর।[৪৩]

٤٤ – عَنْ نَافِعٍ أَنَّ عَبْدَ اللهِ بْنَ عُمَرَ ﷺ كَانَ إِذَا سُئِلَ هَلْ يَقْرَأُ أَحَدٌ خَلْفَ الْإِمَامِ قَالَ إِذَا صَلَّى أَحَدُكُمْ خَلْفَ الْإِمَامِ فَحَسْبُهُ قِرَاءَةُ الْإِمَامِ وَإِذَا صَلَّى وَحْدَهُ فَلْيَقْرَأْ قَالَ وَكَانَ عَبْدُ اللهِ بْنُ عُمَرَ لَا يَقْرَأُ خَلْفَ الْإِمَامِ. رَوَاهُ مَالِكٌ

৪৪. হযরত নাফে' রাদিআল্লাহু তা'আলা আনহু বর্ণনা করেন যে, হযরত আবদুল্লাহ্ বিন ওমর রাদিআল্লাহু তা'আলা আনহুকে যখন জিজ্ঞাসা করা হলো যে, কোন মুক্তাদী কি ইমামের পশ্চাতে কেরাত পাঠ করবে? তিনি উত্তরে বললেন, যখন তোমাদের কেউ ইমামের পেছনে নামায পড়বে, তখন ইমামের কেরাতই তার জন্য যথেষ্ট এবং যখন একা নামায পড়বে, তখন কেরাত পাঠ করবে। নাফে রাদিআল্লাহু তা'আলা আনহু বলেন, হযরত আবদুল্লাহ্ বিন ওমর ইমামের পশ্চাতে কেরাত পড়তেন না।[৪৪]

---

[৪২] ইবনে মাজাহ : আস্-সুনান, কিতাবু ইকামাতিস্ সালাতে, باب إذا قرأ الإمام فأنصتوا ১/২৭৬, হাদীস : ৮৪৬

[৪৩] ইবনে মাজাহ : আস্-সুনান, কিতাবু ইকামাতিস্ সালাতে, باب إذا قرأ الإمام فأنصتوا ১/২৭৬, হাদীস : ৮৪৭

[৪৪] ১. মালেক : আল-মুআত্তা, কিতাবুন নেদা বিস্সালাত, باب القراءة خلف الإمام...الخ ১/৮৬, হাদীস : ১৯২
২. তহাবী : শরহু মা'নিল আছার, ১/২৮৪, হাদীস : ১২৮৩

www.AmarIslam.com

www.AmarIslam.com

٤٥ – عَنْ أَبِي مُوسَى ﷺ قَالَ : عَلَّمَنَا رَسُولُ اللهِ ﷺ قَالَ إِذَا قُمْتُمْ إِلَى الصَّلَاةِ فَلْيَؤُمَّكُمْ أَحَدُكُمْ وَإِذَا قَرَأَ الْإِمَامُ فَأَنْصِتُوا. رَوَاهُ أَحْمَدُ

৪৫. হযরত আবূ মুসা আশ'আরী রাদিআল্লাহু তা'আলা আনহু হতে বর্ণিত যে, হুযূর নবীয়ে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে (নামায) শিক্ষা দিতে গিয়ে ইরশাদ করেন, যখন তোমরা নামাযের জন্য দন্ডায়মান হও, তখন তোমাদের কেউ ইমামতি করবে আর যখন ইমাম কেরাত পাঠ করবে, তোমরা নিশ্চুপ থাকবে।[৪৫]

٤٦ – عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ أَبِيهِ ﷺ قَالَ : نَهَى رَسُولُ اللهِ ﷺ عَنِ الْقِرَاءَةِ خَلْفَ الْإِمَامِ.

قَالَ : وَأَخْبَرَنِي أَشْيَاخُنَا أَنَّ عَلِيًّا قَالَ : مَنْ قَرَأَ خَلْفَ الْإِمَامِ فَلَا صَلَاةَ لَهُ ،

قَالَ : وَأَخْبَرَنِي مُوسَى بْنِ عُقْبَةَ أَنَّ رَسُولَ اللهِ ﷺ وَأَبُو بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ كَانُوا يَنْهَوْنَ عَنِ الْقِرَاءَةِ خَلْفَ الْإِمَامِ. رَوَاهُ عَبْدُ الرَّزَّاقِ

৪৬. হযরত যায়িদ বিন আসলাম রাদিআল্লাহু তা'আলা আনহু বর্ণনা করেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইমামের পিছনে কেরাত পাঠ করতে নিষেধ করেছেন এবং আমাদের মাশায়েখগণ আমাকে সংবাদ দিয়েছেন যে, হযরত আলী রাদিআল্লাহু তা'আলা আনহু বলেন, ঐ ব্যক্তির নামায হবে না, যে ইমামের পেছনে কেরাত পড়ে এবং মূসা বিন ওক্‌বা রাদিআল্লাহু তা'আলা আনহু আমাকে বলেছেন যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, হযরত আবূ বকল, ওমর ও হযরত ওসমান রাদিআল্লাহু তা'আলা আনহুম ইমামের পিছনে কেরাত পড়তে বারণ করতেন।[৪৬]

[৪৫] আহ্‌মদ বিন হাম্বল : আল মুসনাদ, ৪/৪১৫
[৪৬] ১. আব্দুর রাজ্জাক : আল-মুসান্নাফ, ২/১৩৯, হাদীস : ২৮১০
২. ইমাম মুহাম্মদ : আল-মুআত্তা, باب: القراءة فى الصلوة خلف الإمام ১/৯৮

www.AmarIslam.com

www.AmarIslam.com

٤٧ – عَنْ أَبِي وَائِلٍ ﷺ قَالَ : سَأَلَ عَبْدُ اللهِ بْنِ مَسْعُوْدٍ عَنِ الْقِرَاءَةِ خَلْفَ الْإِمَامِ قَالَ : أَنْصِتْ فَإِنَّ فِي الصَّلَاةِ شُغْلًا سَيَكْفِيْكَ ذَاكَ الْإِمَامُ. رَوَاهُ الْإِمَامُ مُحَمَّدٌ فِي الْمُوَطَّأ

৪৭. হযরত আবূ ওয়ায়িল রাদিআল্লাহু তা'আলা আনহু হতে বর্ণিত যে, হযরত আবদুল্লাহ্ বিন মাসউদ রাদিআল্লাহু তা'আলা আনহুকে ইমামের পিছনে কেরাত প্রসঙ্গে জিজ্ঞাসা করা হয়েছিল, তিনি বলেছিলেন, চুপ থাকো, কেননা এটা অনর্থক ব্যস্ততা। অথচ তোমাকে ইমাম তা(কেরাত) পরিপূর্ণ করে দিচ্ছে।[৪৭]

٤٨ – عَنْ عَلْقَمَةَ بْنِ قَيْسٍ ﷺ : أَنَّ عَبْدَ اللهِ بْنِ مَسْعُوْدٍ كَانَ لَا يَقْرَأُ خَلْفَ الْإِمَامِ فِيمَا جَهَرَ فِيْهِ وَفِيمَا يُخَافِتُ فِيْهِ. رَوَاهُ الْإِمَامُ مُحَمَّدٌ فِي الْمُوَطَّأ

৪৮. হযরত আলকামা বিন কায়স রাদিআল্লাহু তা'আলা আনহু হতে বর্ণিত যে, আবদুল্লাহ্ বিন মাসউদ রাদিআল্লাহু তা'আলা আনহু জাহরী বা প্রকাশ্য (যাতে আওয়াজ সহকারে কেরাত পড়া হয়) এবং সিররী বা গোপনীয় (যাতে কেরাত আস্তে পড়া হয়) উভয় প্রকার নামাযে ইমামের পিছনে কেরাত পাঠ করতেন না।[৪৮]

٤٩ – أَخْبَرَنَا دَاوُدُ بْنُ قَيْسٍ اَلْفَرَّاءُ الْمَدَنِيُّ أَخْبَرَنِي بَعْضُ وَلَدِ سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ أَنَّهُ ذَكَرَ لَهُ أَنَّ سَعْدًا قَالَ : وَدِدْتُ أَنَّ الَّذِي يَقْرَأُ خَلْفَ الْإِمَامِ فِي فِيْهِ جَمْرَةٌ. رَوَاهُ الْإِمَامُ مُحَمَّدٌ فِي الْمُوَطَّأ

৪৯. দাউদ বিন কায়স ফাররা মাদানী বলেন, আমাকে হযরত সা'দ বিন আবি ওয়াক্কাস রাদিআল্লাহু তা'আলা আনহুর সন্তানদের কেউ সংবাদ দিয়েছেন যে, হযরত সা'দ বিন আবি ওয়াক্কাস রাদিআল্লাহু তা'আলা আনহু বলতেন, আমি এটা পছন্দ করি যে, ইমামের পিছনে কেরাত পাঠকারীর মুখে জলন্ত কয়লা হোক।[৪৯]

[৪৭] ১. ইমাম মুহাম্মদ : আল-মুআত্তা, باب: القراءة فى الصلوة خلف الإمام ১/৯৬
২. তহাবী : শরহু মা'নিল আছার, ১/২৮৪, হাদীস : ১২৭৩
[৪৮] ইমাম মুহাম্মদ : আল-মুআত্তা, باب: القراءة فى الصلوة خلف الإمام ১/৯৬
[৪৯] ইমাম মুহাম্মদ : আল-মুআত্তা, باب: القراءة فى الصلوة خلف الإمام ১/৯৮

www.AmarIslam.com

www.AmarIslam.com

٥٠– عَنْ عَبْدِ اللهِ أَبِي لَيْلَي : أَنَّ عَلِيًّا ﷺ كَانَ يَنْهَي عَنِ الْقِرَاءَةِ خَلْفَ الإِمَامِ . رَوَاهُ عَبْدُ الرَّزَّاقِ

৫০. আবদুল্লাহ্ বিন আবি লায়লা বর্ণনা করেন যে, হযরত আলী রাদিআল্লাহু তা'আলা আনহু ইমামের পশ্চাতে কেরাত পড়তে নিষেধ করেছেন ।[৫০]

٥١– عَنْ مُحَمَّدِ بْنِ عَجْلاَنَ قَالَ : قَالَ عُمَرَ بْنِ الخَطَّابِ ﷺ : وَدِدْتُ أَنَّ الَّذِيْ يَقْرَأُ خَلْفَ الإِمَامِ فِي فِيْهِ حَجَرٌ. رَوَاهُ عَبْدُ الرَّزَّاقِ

৫১. মুহাম্মদ বিন 'উজলান হতে বর্ণিত, হযরত ওমর বিন খাত্তাব রাদিআল্লাহু তা'আলা আনহু ইরশাদ করেন. আমার এ ইচ্ছা ছিলো যে, যে ব্যক্তি ইমামের পিছনে কেরাত পড়ে, তার মুখে পাথর দেয়া হোক ।[৫১]

٥٢– عَنْ أَبِي حَمْزَةَ قَالَ : قُلْتُ لِإِبْنِ عَبَّاسٍ : أَقْرَأُ وَالإِمَامُ بَيْنَ يَدَيَّ؟ قَالَ : لاَ. رَوَاهُ الطَّحَاوِيُّ

৫২. হযরত আবূ হামযা রাদিআল্লাহু তা'আলা আনহু বর্ণনা করেন, আমি হযরত আবদুল্লাহ্ বিন আব্বাস রাদিআল্লাহু তা'আলা আনহুমাকে জিজ্ঞেস করলাম, আমি কি কেরাত পড়ব, যখন ইমাম আমার সামনে থাকে? তিনি বললেন, না ।[৫২]

[৫০] আব্দুর রাজ্জাক : আল-মুসান্নাফ, ২/১৩৮, হাদীস : ২৮০৫
[৫১] আব্দুর রাজ্জাক : আল-মুসান্নাফ, ২/১৩৮, হাদীস : ২৮০৬
[৫২] তহাবী : শরহু মা'নিল আছার, ১/২৮৪, হাদীস : ১২৮২

www.AmarIslam.com

www.AmarIslam.com

فَصْلٌ فِي عَدَمِ الْجَهْرِ بِالتَّأْمِيْنِ

উচ্চস্বরে 'আমীন' না বলার বর্ণনা

٥٣– عَنْ أَبِي هُرَيْرَةَ ﷺ أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ إِذَا قَالَ الْإِمَامُ ﴿ غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّيْنَ ﴾ فَقُولُوا آمِينَ فَإِنَّهُ مَنْ وَافَقَ قَوْلُهُ قَوْلَ الْمَلاَئِكَةِ غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ. مُتَّفَقٌ عَلَيْهِ

৫৩. হযরত আবূ হুরায়রা রাদিআল্লাহু তা'আলা আনহু হতে বর্ণিত, হুযুর নবীয়ে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, যখন ইমাম " غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّيْنَ " বলে, তোমরা "آمِينَ" বল। কেননা, যার বলা ফিরিশতার উচ্চারণের অনুযায়ী ও একসাথে হয়ে গেছে তার পূর্ববর্তী গুনাহসমূহ ক্ষমা করে দেয়া হয়েছে ।[৫৩]

٥٤– عَنْ أَبِي هُرَيْرَةَ ﷺ قَالَ : كَانَ رَسُولُ اللهِ ﷺ يُعَلِّمُنَا يَقُولُ لَا تُبَادِرُوا الْإِمَامَ إِذَا كَبَّرَ فَكَبِّرُوا وَإِذَا قَالَ ﴿ وَلَا الضَّالِّيْنَ ﴾ فَقُولُوا آمِينَ وَإِذَا رَكَعَ فَارْكَعُوا وَإِذَا قَالَ سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ فَقُولُوا اللَّهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ. رَوَاهُ مُسْلِمٌ

৫৪. হযরত আবূ হুরায়রা রাদিআল্লাহু তা'আলা আনহু বর্ণনা করেন যে, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের শিক্ষা দিচ্ছিলেন যে, ইমামের অগ্রগামী হয়ো না। যখন ইমাম তাকবীর বলে তোমরাও তাকবীর বলো এবং যখন সে "وَلَا الضَّالِّيْنَ" বলে, তোমরা "آمِينَ" বল। যখন সে রুকূ

[৫৩] ১. বুখারী : আস্-সহীহ, কিতাবু সিফাতুস্ সালাত, باب: جهر المأموم بالتأمين ১/২৭১, হাদীস : ৭৪৯
২. মুসলিম : আস-সহীহ, কিতাবুস সালাত, باب التسميع والتحميد والتأمين ১/৩০৭, হাদীস : ৪১০
৩. আবু দাউদ : আস-সুনান, কিতাবুস সালাত, باب : التأمين وراء الإمام ১/৩৫৪, হাদীস : ৯৩৫
৪. নাসায়ী : আস্-সুনান, কিতাবুল ইফতেতাহ, باب: جهر الإمام بآمين ২/১০৫, হাদীস : ৯২৭, ৯২৯
৫. ইবনু হিব্বান : আস্-সহীহ, ৫/১০৬, হাদীস : ১৮০৪
৬. হাকেম : আল-মুসতাদরক, ১/৩৪০, হাদীস : ৭৯৭

www.AmarIslam.com
www.AmarIslam.com

www.AmarIslam.com

করে, তোমরাও রুকূ কর। আর যখন "سَمِعَ اللّٰهُ لِمَنْ حَمِدَهُ" বলে, তখন তোমরা "اَللّٰهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ" বল।[৫৪]

٥٥– عَنْ أَبِي هُرَيْرَةَ ﷺ أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ إِذَا قَالَ الْقَارِئُ ﴿غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ﴾ فَقَالَ مَنْ خَلْفَهُ آمِينَ فَوَافَقَ قَوْلُهُ قَوْلَ أَهْلِ السَّمَاءِ غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ.

৫৫. হযরত আবূ হুরায়রা রাদিআল্লাহু তা'আলা আনহু বর্ণনা করেন, রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ ফরমান, যখন ইমাম "غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ" বলে, তখন মুক্তাদীগণ "آمِينَ" বলবে। যখন আমীন উচ্চারণকারীদের শব্দ আকাশবাসী তথা ফেরেশদাতের উচ্চারণের অনুরূপ হয়ে যাবে, তখন নামাযীর পূর্বেকৃত সকল গুনাহ ক্ষমা করে দেয়া হবে।[৫৫]

٥٦– عَنْ أَبِي هُرَيْرَةَ ﷺ قَالَ : قَالَ رَسُولُ اللهِ ﷺ : إِذَا قَالَ الْإِمَامُ ﴿غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ﴾ فَقُولُوا آمِينَ فَإِنَّ الْمَلَائِكَةَ تَقُولُ آمِينَ وَإِنَّ الْإِمَامَ يَقُولُ آمِينَ فَمَنْ وَافَقَ تَأْمِينُهُ تَأْمِينَ الْمَلَائِكَةِ غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ. رَوَاهُ النَّسَائِيُّ

৫৬. হযরত আবূ হুরায়রা রাদিআল্লাহু তা'আলা আনহু হতে বর্ণিত, হুযূর নবীয়ে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, যখন ইমাম "غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ" বলে, তখন তোমরা "آمِينَ" বল। আর যার

[৫৪] ১. মুসলিম : আস-সহীহ, কিতাবুস সালাত, باب النهي عن مبادرة الإمام بالتكبير ১/৩১০, হাদীস : ৪১৫
২. ইবনু খুযাইমা : আস্-সহীহ, ৩/৩৪, হাদীস : ১৫৭৬
৩. বায়হাকী : আস-সুনানুল কুবরা, ২/৯২, হাদীস : ২৪২৪

[৫৫] ১. মুসলিম : আস-সহীহ, কিতাবুস সালাত, باب التسميع والتحميد والتأمين ১/৩০৭, হাদীস : ৪১০
২. আহমদ ইবনে হাম্বল, আল-মুসনাদ, ২/৪৪৯, হাদীস : ৯৮০৩
৩. আবু আওয়ানা, আল-মুসনাদ, ২/৪৫৬, হাদীস : ১৬৮৯

www.AmarIslam.com

www.AmarIslam.com

আমীন বলা ফেরেশতার আমীন বলার সাথে মিলে যাবে তার অতীতের গুনাহ মার্জনা করে দেয়া হবে।[৫৬]

٥٧– عَنْ أَبِي هُرَيْرَةَ ﷺ أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ : إِذَا قَالَ الْإِمَامُ ﴿غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ﴾ فَقُولُوا آمِينَ فَإِنَّهُ مَنْ وَافَقَ قَوْلُهُ قَوْلَ الْمَلَائِكَةِ غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ. رَوَاهُ النَّسَائِيُّ

৫৭. হযরত আবূ হুরায়রা রাদিআল্লাহু তা'আলা আনহু হতে বর্ণিত, হুযূর রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, যখন ইমাম "غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ" বলে, তখন তোমরা "آمِينَ" বল। কেননা, যে ব্যক্তির আমীন বলা ফিরিশতার আমীন বলার অনুযায়ী হবে, তার পূর্বের গুনাহ ক্ষমা করে দেয়া হবে।[৫৭]

٥٨– عَنْ وَائِلِ بْنِ حُجْرٍ ﷺ قَالَ : سَمِعْتُ أَنَّ النَّبِيَّ ﷺ قَرَأَ ﴿غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ﴾ فَقَالَ آمِينَ وَخَفَضَ بِهَا صَوْتَهُ.

رَوَاهُ التِّرْمِذِيُّ وَ الْحَاكِمُ

قَالَ أَبُو عِيسَى : هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ

৫৮. হযরত ওয়ায়িল বিন হুজ্‌র রাদিআল্লাহু তা'আলা আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে "غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ" পড়তে শুনলাম। আর এরপর তিনি বললেন, "آمِينَ" এবং আমীন বলার আওয়াজ নীচু করলেন।[৫৮]

[৫৬] নাসায়ী : আস্-সুনান, কিতাবুল ইফতেতাহ, باب: جهر الإمام بآمين ১/১৪৪, হাদীস : ৯২৭

[৫৭] নাসায়ী : আস্-সুনান, কিতাবুল ইফতেতাহ, باب: الأمر بالتأمين خلف الإمام ২/১৪৪, হাদীস : ৯২৯

[৫৮] ১. তিরমিযী : আস্ সুনান, কিতাবুস্ সালাত, باب ماجاء في التأمين ১/২৮৯, হাদীস: ২৪৮
২. আহমদ বিন হাম্বল : আল মুসনাদ, ৪/৩১৬
৩. হাকেম : আল-মুসতাদরক, ২/২৫৩, হাদীস : ২৯১৩
৪. তায়ালিসী : আল-মুসনাদ, ১/১৩৮, হাদীস : ১০২৪

www.AmarIslam.com

www.AmarIslam.com

٥٩– عَنْ أَبِي وَائِلٍ، قَالَ: كَانَ عَلِيٌّ، وَابْنُ مَسْعُودٍ لا يَجْهَرَانِ بِبِسْمِ اللهِ الرَّحْمَنِ الرَّحِيمِ، وَلا بِالتَّعَوُّذِ، وَلا بِآمِينَ. رَوَاهُ الطَّبْرَانِيُّ

৫৯. হযরত আবূ ওয়ায়িল রাদিআল্লাহু তা'আলা আনহু বর্ণনা করেন যে, হযরত আলী ও হযরত আবদুল্লাহ্ বিন মাসউদ রাদিআল্লাহু তা'আলা আনহুমা তাসমিয়া "بِسْمِ اللهِ الرَّحْمَنِ الرَّحِيْمِ" তা'আউয "اَعُوْذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ" এবং তামীন "آمِيْن" উচুঁ আওয়াজে বলতেন না।[৫৯]

٦٠– عَنْ إِبْرَاهِيمَ قَالَ : خَمْسٌ يُخْفِيْنَ سُبْحَانَكَ اللّٰهُمَّ ! وَبِحَمْدِكَ ، وَالتَّعَوُّذُ ، وَبِسْمِ اللهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ، وَآمِيْنُ ، وَاللّٰهُمَّ ! رَبَّنَا لَكَ الحَمْدُ. رَوَاهُ عَبْدُ الرَّزَّاقِ

৬০. হযরত ইবরাহীম নাখয়ী রাদিআল্লাহু তা'আলা আনহু বলেন, পাঁচটি জিনিস নিম্নস্বরে পড়তে হবে, সানা "سُبْحَانَكَ اللّٰهُمَّ وَبِحَمْدِكَ", তা'আউয "اَعُوْذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ", তাসমিয়া "بِسْمِ اللهِ الرَّحْمَنِ الرَّحِيْمِ", তামীন "آمِيْن" এবং তাহমীদ "اَللّٰهُمَّ رَبَّنَا لَكَ الحَمْدُ"।[৬০]

٦١– عَنْ أَبِي وَائِلٍ قَالَ : كَانَ عُمَرُ وَ عَلِيٌّ لا يَجْهَرَانِ بِبِسْمِ اللهِ الرَّحْمَنِ الرَّحِيمِ، وَلا بِالتَّعَوُّذِ، وَلا بِالتَّأْمِينَ. رَوَاهُ الطَّحَاوِيُّ

৬১. হযরত আবূ ওয়ায়িল রাদিআল্লাহু তা'আলা আনহু বর্ণনা করেন যে, হযরত ওমর ও হযরত আলী রাদিআল্লাহু তা'আলা আনহুমা তাসমিয়া "بِسْمِ اللهِ الرَّحْمَنِ الرَّحِيْمِ", তা'আউয "اَعُوْذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ" এবং তামীন "آمِيْن" উচ্চস্বরে বলতেন না।[৬১]

[৫৯] ১. তাবরানী : আল-মু'জামুল কবির, ৯/২৬৩, হাদীস : ৯৩০৪
২. হাইছমী : মাজমাউয যাওয়ায়েদ, ২/১০৮
[৬০] আব্দুর রাজ্জাক : আল-মুসান্নাফ, ২/৮৭, হাদীস : ২৫৯৭
[৬১] ত্বহাবী : শরহু মা'নিল আছার, ১/২৬৩, হাদীস : ১১৭৩

www.AmarIslam.com

www.AmarIslam.com

٦٢– عَنْ إِبْرَاهِيمَ قَالَ : قَالَ عُمَرُ : أَرْبَعٌ يُخْفِيْنَ عَنِ الإِمَامِ : اَلتَّعَوُّذُ ، وَبِسْمِ اللهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ، وَآمِيْنُ ، وَاللّٰهُمَّ رَبَّنَا وَلَكَ الحَمْدُ. رَوَاهُ الهِنْدِيُّ

৬২. হযরত ইবরাহীম রাদিআল্লাহু তা'আলা আনহু বর্ণনা করেন, হযরত ওমর রাদিআল্লাহু তা'আলা আনহু বলেন, চারটি জিনিস ইমামের পেছনে নিম্নস্বরে বলতে হবে- তা'আউয "اَعُوْذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ" তাসমিয়া "بِسْمِ اللهِ الرَّحْمَنِ الرَّحِيْمِ", তামীন "آمِيْن" এবং তাহমীদ "اَللّٰهُمَّ رَبَّنَا لَكَ الحَمْدُ"।[৬২]

[৬২] হিন্দি : কানযুল উম্মাল, ৮/২৭৪, হাদীস : ২২৮৯৪

www.AmarIslam.com

www.AmarIslam.com
www.AmarIslam.com

প্রমাণপঞ্জী

১. আল-কুরআনুল হাকীম

২. ইবনে আবি শায়বাহ : আবু বকর আবদুল্লাহ ইবনে মুহাম্মদ ইবনে ইবরাহিম ইবনে উসমান কুফী (১৫৯-২৩৫ হি./৭৭৬-৮৪৯ ইং), **আল-মুসান্নাফ** : রিয়াদ, সৌদি আরব, মাকতাবাতুর রুশদ, ১৪০৯ হি. ।

৩. ইবনে জারূদ : আবু মুহাম্মদ আব্দুল্লাহ বিন আলী বিন জারূদ নিসাপুরী (৩০৭ হি.) **আল-মুনতাকা মিনাস্ সুনানিল মুসনাদা**, বৈরুত, লেবানন, মুআসসিসাতুল কিতাব আস্ সাকাফিয়া, ১৪১৮ হি./১৯৮৮ ইং ।

৪. ইবনে জা'আদ : আবুল হাসান আলী বিন জা'আদ বিন উবাইদ হাশেমী (১৩৩-২৩০ হি./৭৫০-৮৪৫ ইং) **আল-মুসনাদ** : বৈরুত, লেবাননম মুআসসিসা নাদের, ১৪১০ হি./১৯৯০ ইং ।

৫. ইবনুল যাওজী : আবুল ফরজ আবদুর রহমান ইবনে আলী ইবনে মুহাম্মদ ইবনে আলী ইবনে উবাইদুল্লাহ (৫১০-৫৭৯ হি./১১১৬-১২০১ ইং), **যাদুল মসির ফি ইলমিত তাফসীর** : বৈরুত, লেবানন, আল-মাকতাবুল ইসলামী, ১৪০৪ হি. ।

৬. ইবনুল যাওজী : আবুল ফরজ আবদুর রহমান ইবনে আলী ইবনে মুহাম্মদ ইবনে আলী ইবনে উবাইদুল্লাহ (৫১০-৫৭৯ হি./১১১৬-১২০১ ইং), **সিফাতুস সাফওয়া**, বৈরুত, লেবানন, দারুল কুতুব আল-ইলমিয়া, ১৪০৯ হি./১৯৮৯ ইং ।

৭. ইবনুল যাওজী : আবুল ফরজ আবদুর রহমান ইবনে আলী ইবনে মুহাম্মদ ইবনে আলী ইবনে উবাইদুল্লাহ (৫১০-৫৭৯ হি./১১১৬-১২০১ ইং), **আল-মুনতাযিম ফি তারিখিল মুলুক ওয়াল ওমাম** : বৈরুত, লেবানন, দারে সাদের, ১৩৫৮ হি. ।

www.AmarIslam.com

৮. ইবনুল যাওজী : আবুল ফরজ আবদুর রহমান ইবনে আলী ইবনে মুহাম্মদ ইবনে আলী ইবনে উবাইদুল্লাহ (৫১০-৫৭৯ হি./১১১৬-১২০১ইং), **আল-ওয়াফা বিআহওয়ালিল মুস্তাফা** : বৈরুত, লেবানন, দারুল কুতুব আল-ইলমিয়া, ১৪০৭ হি./১৯৮৮ ইং ।

৯. ইবনে হিব্বান : আবু হাতেম মুহাম্মদ ইবনে হিব্বান ইবনে আহমাদ ইবনে হিব্বান (২৭০-৩৫৪ হি./৮৮৪-৯৬৫ ইং), **আস-সহীহ** : বৈরুত, লেবানন, মুআসসিসাতুর রিসালা, ১৪১৪ হি./১৯৯৩ ইং ।

১০. ইবনে কুদামা : আবু মুহাম্মদ আব্দুল্লাহ বিন আহমদ আল-মুকাদ্দেসী (৬২০ হি.) **আল-মুগনী ফিফিকহীল ইমাম আহমদ বিন হাম্বল আশ্ শায়বানী**: বৈরুত, লেবানন, দারুল ফিকর, ১৪০৫ হি. ।

১১. ইবনে মাজাহ : আবু আবদুল্লাহ মুহাম্মদ ইবনে ইয়াযিদ কাযইবনী (২০৯-২৭৩ হি./৮২৪-৮৮৭ ইং), **আস-সুনান** : বৈরুত, লেবানন,দারুল কুতুব আল-ইলমিয়া, ১৪১৯ হি./১৯৯৮ ইং ।

১২. আবু দাউদ : সুলাইমান ইবনে আস-সাজিসতানী (২০২-২৭৫ হি./৮১৭-৮৮৯ ইং), **আস-সুনান** : বৈরুত, লেবানন, দারুল ফিকর, ১৪১৪ হি./১৯৯৪ ইং ।

১৩. আবু আওয়ানা : ইয়াকুব বিন ইসহাক বিন ইবরাহিম বিন যাইদ নিসাপুরী (২৩০-৩১৬ হি./৮৪৫-৯২৮ ইং) **আল-মুসনাদ** : বৈরুত, লেবানন, দারুল মা'রিফা, ১৯৯৮ ইং ।

১৪. আবু ইয়ালা : আহমাদ ইবনে আলী ইবনে মুসান্ন ইবনে ইয়াহইয়া ইবনে ঈসা ইবনে হেলাল মুসিলী, তামিমী (২১০-৩০৭ হি./৮২৫-৯১৯ ইং), **আল-মুসনাদ** : দামিস্ক, সিরিয়া, দারুল মামুন লিত তুরাস, ১৪০৪ হি./১৯৮৪ ইং ।

www.AmarIslam.com
www.AmarIslam.com

www.AmarIslam.com
www.AmarIslam.com

১৫. আহমদ ইবনে হাম্বল : আবু আবদুল্লাহ ইবনে মুহাম্মদ (১৬৪-২৪১ হি./৭৮০-৮৫৫ খ্রি.), **ফাযায়িলুস সাহাবা**, বৈরুত, লেবানন, মুআস্‌সিসাতুর রিসালা।

১৬. আহমদ ইবনে হাম্বল : আবু আবদুল্লাহ ইবনে মুহাম্মদ (১৬৪-২৪১ হি./৭৮০-৮৫৫ ইং), **আল-মুসনাদ** : বৈরুত, লেবানন, আল-মাকতাবুল ইসলামী, ১৩৯৮ হি./১৯৭৮ ইং।

১৭. বুখারী : আবু আবদুল্লাহ মুহাম্মদ ইবনে ইসমাঈল ইবনে ইবরাহিম ইবনে মুগীরা (১৯৪-২৫৬ হি./৮১০-৮৭০ ইং), **আল-জামিউস সহীহ** : বৈরুত, লেবানন, দামিস্ক, সিরিয়া, দারুল কলম, ১৪০১ হি./১৯৮১ ইং।

১৮. বুখারী : আবু আবদুল্লাহ মুহাম্মদ ইবনে ইসমাঈল ইবনে ইবরাহিম ইবনে মুগীরা (১৯৪-২৫৬ হি./৮১০-৮৭০ ইং), **খলকু আফয়ালিল ইবাদ** : রিয়াদ, সৌদি আরব, দারুল মা'রিফ সৌদিয়া, ১৩৯৮ হি./১৯৭৮ ইং।

১৯. বাযযার : আবু বকর আহমাদ ইবনে আমর ইবনে আবদুল খালেক বসরী (২১০-২৯২ হি./৮২৫-৯০৫ ইং), **আল-মুসনাদ**, বৈরুত, লেবানন, ১৪০৯ হি.।

২০. বায়হাকী : আবু বকর আহমাদ ইবনে হোসাইন ইবনে আলী ইবনে আবদুল্লাহ ইবনে মূসা (৩৮৪-৪৫৮ হি./৯৯৪-১০৬৬ ইং), **আস-সুনানুস সুগরা** : মদিনা মুনাওয়ারা, সৌদি আরব, মাকতাবাতুদ দার, ১৪১০ হি./১৯৮৯ ইং।

২১. বায়হাকী : আবু বকর আহমাদ ইবনে হোসাইন ইবনে আলী ইবনে আবদুল্লাহ ইবনে মূসা (৩৮৪-৪৫৮ হি./৯৯৪-১০৬৬ ইং), **আস-সুনানুল কুবরা** : মক্কা, সৌদি আরব, মাকতাবা দারুল বায, ১৪১৪ হি./১৯৯৪ ইং।

২২. বায়হাকী : আবু বকর আহমাদ ইবনে হোসাইন ইবনে আলী ইবনে আবদুল্লাহ ইবনে মূসা (৩৮৪-৪৫৮ হি./৯৯৪-১০৬৬ ইং), **আস-সুনানুল কুবরা** :

www.AmarIslam.com

মদিনা মুনাওয়ারা, সৌদি আরব, মাকতাবাতুদ দার, ১৪১০ হি./১৯৮৯ ইং।

২৩. তিরমিযী : আবু ঈসা মুহাম্মদ ইবনে ঈসা ইবনে সওরাহ ইবনে মূসা ইবনে দাহহাক সালামী (২১০-২৭৯ হি./৮২৫-৮৯২ ইং), **আল-জামেউস সহীহ** : বৈরুত, লেবানন, দারুল গুরাবুল ইসলামী, ১৯৯৮ ইং।

২৪. হারেস : হারেস ইবনে আবু উসামা (১৮৬-২৮২ হি.) **বুগয়াতুল বাহেস আন যওয়ায়িদি মুসনদিল হারেস** : মদিনা, সৌদি আরব, মারকজু খেদমাতিস্ সুন্নাহ ওয়াস্ সিরাতিন নববিয়া, ১৪১৩ হি./১৯৯২ ইং।

২৫. হাকেম : আবু আবদুল্লাহ মুহাম্মদ ইবনে আবদুল্লাহ ইবনে মুহাম্মদ (৩২১-৪০৫ হি./৯৩৩-১০১৪ ইং), **আল-মুসতাদরাক আলাস সহীহাইন** : বৈরুত, লেবানন-দারুল কুতুব আল-ইলমিয়া, ১৪১১ হি./১৯৯০ ইং।

২৬. হাকেম : আবু আবদুল্লাহ মুহাম্মদ ইবনে আবদুল্লাহ ইবনে মুহাম্মদ (৩২১-৪০৫ হি./৯৩৩-১০১৪ ইং), **আল-মুসতাদরাক আলাস সহীহাইন** : মক্কা, সৌদি আরব, দারুল বায লিন নাশার ওয়াত তওযি।

২৭. হিন্দি : আলা উদ্দিন আলী মুত্তাকী ইবনে হেসামুদ্দিন (৯৭৫ হি.), **কানযুল উম্মাল ফি সুনানিল আফআলে ওয়াল আকওয়াল**, বৈরুত, লেবানন, মুআসসিসাতুর রিসালা, ১৩৯৯ হি./১৯৭৯ ইং।

২৮. হাসকফী : সদরুদ্দীন আবু মূসা বিন যাকারিয়া (৬৫০ হি.) **মুসনদুল ইমাম আবু হানিফা** : করাচী, পাকিস্তান, মীর মুহাম্মদ কুতুব খানা।

২৯. খওয়ারযমী : আবুল মুআব্বিদ মুহাম্মদ বিন মাহমুদ আল-খওয়ারযমী (৫৯৩-৬৬৫ হি.) **জামিউল মাসানিদ** : বৈরুত, লেবানন।

www.AmarIslam.com
www.AmarIslam.com

www.AmarIslam.com

৩০.দারমী	: আবু মুহাম্মদ আবদুল্লাহ ইবনে আবদুর রহমান (১৮১-২৫৫ হি./৭৯৭-৮৬৯ খ্রি.), **আস-সুনান**, বৈরুত, লেবানন, দারুল কিতাবুল আরবী, ১৪০৭ হি.।
৩১.দারু কুতনী	: আবুল হাসান আলী বিন ওমর বিন আহমদ বিন মাহদী বিন মাসউদ বিন নোমান (৩০৬-৩৮৫ হি./৯১৮-৯৯৫ ইং) **আস্ সুনান** : বৈরুত, লেবানন, দারুল মা'রিফা, ১৩৮৬ হি./১৯৬৬ ইং।
৩২.শাফী	: আবু আবদুল্লাহ মুহাম্মদ বিন ইদরীস বিন আব্বাস বিন উসমান বিন শাফে' কুরাশী (১৫০-২০৪ হি./৭৬৭-৮১৯ ইং) **আল-মুসনাদ** : বৈরুত, লেবানন, দারুল কুতুব আল-ইলমিয়া।
৩৩.শাফী	: আবু আবদুল্লাহ মুহাম্মদ বিন ইদরীস বিন আব্বাস বিন উসমান বিন শাফে' কুরাশী (১৫০-২০৪ হি./৭৬৭-৮১৯ ইং) **আস্ সুনানুল মা'ছুরা** : বৈরুত, লেবানন, দারুল মা'রিফা, ১৪০৬ হি.।
৩৪.শায়বানী	: মুহাম্মদ বিন হাসান (১৩২-১৮৯ হি.) আল-মুআত্তা : করাচী, পাকিস্তান, মীর মুহাম্মদ কুতুব খানা।
৩৫.তাহের কাদেরী	: ড. মুহাম্মদ তাহের আল-কাদেরী, **ইরফানুল কোরআন** : লাহোর, পাকিস্তান, মিনহাজুল কোরআন পাবলিকেশন্স।
৩৬.তাবরানী	: সুলাইমান ইবনে আহমাদ (২৬০-৩৬০ হি./৮৭৩-৯৭১ ইং), **মুসনাদুস শামিয়ীন** : বৈরুত, লেবানন, মুআসসিসাতুর রিসালা, ১৪০৫ হি./১৯৮৪ ইং।
৩৭.তাবরানী	: সুলাইমান ইবনে আহমাদ (২৬০-৩৬০ হি./৮৭৩-৯৭১ ইং), **আল-মু'জামুল আওসাত** : রিয়াদ, সৌদি আরব, মাকতাবাতুল মা'রিফ, ১৪০৫ হি./১৯৮৫ ইং।

www.AmarIslam.com

www.AmarIslam.com

৩৮.তাবরানী	: সুলাইমান ইবনে আহমাদ (২৬০-৩৬০ হি./৮৭৩-৯৭১ ইং), **আল-মু'জামুল কবির** : মুসিল, ইরাক, মাতবাআতুয যাহরা আল-হাদিছা।
৩৯.তাহাবী	: আবু জাফর আহমাদ ইবনে মুহাম্মদ ইবনে সালামাহ ইবনে সালমা ইবনে আবদুল মালিক ইবনে সালমা (২২৯-৩২১ হি./৮৫৩-৯৩৩ খ্রি.), **শরহু মা'আনিল আসার**, বৈরুত, লেবানন, দারুল কুতুব আল-ইলমিয়্যাহ, ১৩৯৯ ইং।
৪০.তায়ালিসী	: আবু দাউদ সুলাইমান ইবনে দাউদ জারুদ (১৩৩-২০৪ হি./৭৫১-৮১৯ ইং), **আল-মুসনাদ** : বৈরুত, লেবানন, দারুল মা'রিফ।
৪১.আবদু ইবনে হুমাইদ	: আবু মুহাম্মদ ইবনে নসর আল-কসি (২৪৯ হি./৮৬৩ ইং.), **আল-মুসনাদ**, কায়রো, মিসর, মাকতাবাতুস সুন্নাহ, ১৪০৮ হি./১৯৮৮ ইং।
৪২.আবদুর রাজ্জাক	: আবু বকর ইবনে হুমাম ইবনে নাফে' সুনআনি (১২৬-২১১ হি./৭৪৪-৮২৬ ইং), **আল-মুসান্নাফ** : বৈরুত, লেবানন, আল-মাকতাবুল ইসলামী, ১৪০৩ হি.।
৪৩.মালেক	: মালেক ইবনে আনাস ইবনে মালকস ইবনে আবু আমের ইবনে আমর ইবনে হারেছ ইসবাহী (৯৩-১৭৯ হি./৭১২-৭৯৫ ইং), **আল-মুআত্তা** : বৈরুত, লেবানন, দারু ইহয়ায়ি আত-তুরাসিল আরাবি, ১৪০৬ হি./১৯৮৫ ইং।
৪৪.মুসলিম	: মুসলিম ইবনে হাজ্জাজ আল-কুশাইরি (২০৬-২৬১ হি./৭২১-৮৭৫ ইং), **আস-সহীহ** : বৈরুত, লেবানন, দারু ইহয়ায়ি আত-তুরাসিল আরাবি।
৪৫.নাসায়ী	: আহমাদ ইবনে শুয়াইব (২১৫-৩০৩ হি./৮৩০-৯১৫ ইং.), **আস-সুনান**, হালব, সিরিয়া, মাকতাবাতুল মাতবুআতুল ইসলামিয়া, ১৪০৬ হি./১৯৮৬ ইং।
৪৬.নাসায়ী	: আহমাদ ইবনে শুয়াইব (২১৫-৩০৩ হি./৮৩০-৯১৫ ইং.), **আস-সুনানুল কুবরা**, বৈরুত,

www.AmarIslam.com

www.AmarIslam.com www.AmarIslam.com

লেবানন, দারুল কুতুব আল-ইলমিয়্যা, ১৪১১ হি./১৯৯১ ইং।

৪৭.হাইসমী : নূরুদ্দিন আবুল হাসান আলী ইবনে আবু বকর ইবনে সুলাইমান (৭৩৫-৮০৭ হি./১৩৩৫-১৪০৫ ইং.), **মাযমাউজ জাওয়ায়িদ**, কায়রো, মিসর, দারুর রায়আন লিত তুরাছ + বৈরুত, লেবানন, দারুল কিতাবিল আরবী, ১৪০৭ হি./১৯৮৭ ইং।

www.AmarIslam.com www.AmarIslam.com

www.AmarIslam.com www.AmarIslam.com

লেখক পরিচিতি

বর্তমান যুগের প্রখ্যাত ইসলামি চিন্তাবিদ শাইখুল ইসলাম ড. মুহাম্মদ তাহের আলকাদেরী পাকিস্তানের জং শহরে ১৯৫১ সালে জন্ম গ্রহণ করেন। তিনি পাঞ্জাব ইউনিভার্সিটি থেকে এম.এ পরীক্ষায় প্রথম স্থানে পাস করে নতুন এক রেকর্ড স্থাপন করেছেন। তিনি এই সুবাদে গোল্ড মেডেল অর্জন করেন। উল্লেখযোগ্য নাম্বার পেয়ে তিনি একই ইউনিভার্সিটি থেকে এল.এল.বি পাস করেন । ১৯৮৬ সালে পাঞ্জাব ইউনিভার্সিটি তাঁকে 'ইসলামে শাস্তি : এর প্রকার ও দর্শন' শীর্ষক বিষয়ের ওপর ডক্টরেট ডিগ্রি প্রদান করেছে।

তিনি মুসলিম বিশ্বের মহান রূহানী ব্যক্তিত্ব , ওলীদের আদর্শ পুরুষ সাইয়িদুনা তাহের আলাউদ্দীন আল-কাদেরী আল-বাগদাদী (রহ) এর হাতে বাইয়াত গ্রহণ করেছেন। তাঁর কাছ থেকে তরীকত ও তাসাউফ-এর দীক্ষা ও ফায়য় অর্জন করেছেন। হযরতের শ্রদ্ধেয় শিক্ষকগণের মধ্যে রয়েছেন স্বয়ং তাঁর পিতা ড. ফরীদুদ্দীন কাদেরী, মাওলানা আবদুর রশীদ রেজভী, মাওলানা জিয়াউদ্দীন মাদানী,মাওলানা আহমদ সাঈদ কাজেমী, ড. বোরহান আহমদ ফারুকী এবং শাইখ মুহাম্মদ ইবনে আলূনী আল-মালেকী আল-মক্কী রহ. এর মতো প্রখ্যাত আলেমগণ।

তিনি পাঞ্জাব ইউনিভার্সিটির তত্ত্বাবধানে অনুষ্ঠিত পুরো পাকিস্তানব্যাপী 'উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতায়' প্রথম হয়ে 'কায়েদে আ'জম গোল্ড মেডেল' অর্জন করেছেন। এ ছাড়াও তিনি অর্জন করেছেন আরো অনেকগুলি গোল্ড মডেল। তিনি পাঞ্জাব ইউনিভার্সিটির এল.এল.বি বিভাগের শিক্ষক ছিলেন। এ ছাড়াও পাঞ্জাব ইউনিভার্সিটির সেন্ট,সিন্ডিকেট ও একাডেমিক কাউন্সিলের সদস্য নির্বাচিত হন। তিনি একই সঙ্গে পাকিস্তান শরয়ী আদালতের ফিকহ উপদেষ্টা,পাকিস্তান সুপ্রিম কোর্টের উপদেষ্টা,ইসলামি পাঠ্যক্রম জাতীয় কমিটির দক্ষ সদস্য,আ'লা তাহরীক মিনহাজুল কুরআনের প্রতিষ্ঠাতা-পরিচালক,পাকিস্তান আওয়ামী আন্দোলনের প্রতিষ্ঠাতা ও প্রধান সভাপতি, আন্তর্জাতিক ইসলামি সম্মলনের সহসভাপতি,আন্তর্জাতিক ইসলামি একতা সংঘের সেক্রেটারী জেনারেল,পাকিস্তান জাতীয় সংসদের সাবেক সদস্য এবং উনিশটি রাজনৈতিক ও ধর্মীয় দলবিশিষ্ট সংগঠন 'পাকিস্তান আওয়ামী ইত্তেহাদ' এর সভাপতি। তিনি প্রতিষ্ঠা করেছেন আধুনিক ও প্রাচীন জ্ঞান-বিজ্ঞানের প্রখ্যাত বিদ্যাপিঠ 'মিনহাজুল কুরআন ইউনিভার্সিটি ,লাহোর'।

উর্দু,আরবি ও ইংরেজী ভাষায় এ পর্যন্ত তিন'শর ওপরে তাঁর রচিত গ্রন্থ প্রকাশিত হয়েছে। ইতিমধ্যে তাঁর বিভিন্ন গ্রন্থ পৃথিবীর বিভিন্ন ভাষায় অনুবাদিত হয়েছে। বিচিত্র বিষয়ে রচিত তাঁর আটশতাধিক গ্রন্থের পাণ্ডুলিপি প্রকাশের পথে রয়েছে।

মানবকল্যানের কারণে তাঁর বুদ্ধিবৃত্তিক, চিন্তানৈতিক ও সামাজিক খেদমতকে আন্তর্জাতিকভাবে স্বীকৃতি দেওয়া হয়েছে। নিম্নে আমরা তার কিছু নমুনা পেশ করছি :

১. গবেষণা, রচনা এবং মানবকল্যাণের লক্ষ্যে আত্যন্তিক প্রচেষ্টার জন্য দ্বিতীয় মিলিনিয়ামের শেষ প্রান্তে পৃথিবীর পাঁচশত প্রভাবশালী প্রতিনিধিদের অন্তর্ভুক্ত করা হয়েছে।

২. 'আমেরিকান বায়ুগ্রাফিকেল ইনিস্টিটিউট' (ABI)-এর পক্ষ থেকে বিভিন্ন ক্ষেত্রে সমাজের অসাধারণ সেবার স্বীকৃতিস্বরূপ International Whos who of Contemporary Achievement 'সমকালীন আন্তর্জাতিক ব্যক্তিত্ব পুরস্কার'-এর পঞ্চম এডিশনে ড. মুহাম্মদ তাহের আল-কাদেরীর ওপর একটি অধ্যায় অন্তর্ভুক্ত করা হয়ছে।

৩. 'আমেরিকান বায়ুগ্রাফিকেল ইনিস্টিটিউট' (ABI)-এর পক্ষ থেকে পৃথিবীর সবচে' বড় বেসরকারি শিক্ষাপ্রকল্প বাস্তবায়ন, দুইশ গ্রন্থের লেখক হওয়া , পাঁচ হাজারের অধিক বিষয়ের ওপর বিশ্বের বিভিন্ন স্থানে ও সংগঠনে বক্তৃতা উপস্থাপন করা , 'মিনহাজুল কুরআন আন্দোলন'এর প্রতিষ্ঠাতা এবং 'দি মিনহাজ ইউনিভার্সিটির' চ্যান্সেলর হওয়ার সুবাদে The International Cultural Diploma of Honour আন্তর্জাতিক সাংস্কৃতিক ডিপ্লোমা অব অনার্স- উপাধিতে ভূষিত করা হয়েছে।

৪. ইংল্যান্ডের ইন্টারনেশনাল বায়ুগ্রোফিক্যাল সেন্টার অব কেম্ব্রিজ- (IBC) এর পক্ষ থেকে শিক্ষা ও সমাজের ক্ষেত্রে বিশ্বব্যাপী কৃতিত্বের স্বাক্ষর স্থাপনের সুবাদে তাকে The International Man of the Year 1998-99 '১৯৯৮-৯৯ সালের আন্তর্জাতিক ব্যক্তিত্ব' হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে।

৫. বিংশ শতাব্দিতে জ্ঞানের ক্ষেত্রে অসাধারণ সেবা করার জন্য তাকে Leading Intellectual of the World 'বিশ্বের মহান বুদ্ধিজীবি ব্যক্তিত্ব- এর উপাধি প্রদান করা হয়েছে।

৬. শিক্ষার অগ্রগতির ক্ষেত্রে তার অদ্বিতীয় খেদমতের জন্য International Who is Who -পক্ষ থেকে Individual Achievement Award 'অনন্য ব্যক্তিত্ব পুরস্কার' প্রদান করা হয়েছে।

৭. নজীরবিহীন গবেষণার কারণে (ABI) এর পক্ষ থেকে Key of Success 'সফলতার চাবিকাঠি'র সম্মানে ভূষিত করা হয়েছে।

৮. বিংশ শতাব্দির International Who is Who এর পক্ষ থেকে Certificate of Recognition 'যোগ্যতার স্বীকৃতি সনদ' প্রদান করা হয়েছে।

সন্দেহাতীতভাবে শাইখুল ইসলাম ড. মুহাম্মদ তাহের আল-কাদেরী একজন ব্যক্তি মাত্র নন; বরং তিনি মুসলিম উম্মার জন্য একটি নতুন যুগের প্রতিষ্ঠাতা এবং উজ্জ্বল ভবিষ্যতের যোগ্য প্রতিনিধি।

সনজরী পাবলিকেশন

www.AmarIslam.com www.AmarIslam.com